

তবলা বাদ্য

প্রারম্ভিক বর্ষ

(P.P-I)

পূর্ণমান : ৭৫ + ২৫ = ১০০

ক্রিয়াত্মক (Practical)

- ১) ২ টি হাত সাধা বাণী, হাতে তালি দিয়ে বলার অভ্যাস।
- ২) ত্রিতাল পরিচয় সহ বাজানোর অভ্যাস।
- ৩) ওই তালে একটি কায়দা ও ৩ টি পাল্টা তেহাই সহ বাজানোর অভ্যাস।

মৌখিক :- তাল, লয়, সঙ্গীত ও দাদরা তালের পরিচয় ঠেকা সহ।

(P.P-II)

পূর্ণমান : ৭৫ + ২৫ = ১০০

ক্রিয়াত্মক (Practical)

- ১) তবলায় বাজানো হয় এমন ৫ টি বাণী ও দিগী (বাঁয়া) ৫ টি বাজানোর অভ্যাস।
- ২) ১ থেকে ১৬ মাত্রা পর্যন্ত ঠায় ও দ্বিগুণ লয়ে বলার অভ্যাস।
- ৩) ত্রিতালে ১ টি কায়দা, ২ টি মুখড়া ও ২ টি সরল টুকরা বাজানোর অভ্যাস।

মৌখিক :- সম, বিভাগ, আবর্তন ও কাহারবা তালের পরিচয় ঠেকা সহ।

(P.P-III)

পূর্ণমান : ৭৫ + ২৫ = ১০০

ক্রিয়াত্মক (Practical)

- ১) যুক্তাস্বর বাণীযুক্ত ৮ টি হাত সাধার বোল বাজানো ও তালি দিয়ে বলার অভ্যাস।
- ২) ত্রিতালে ২ টি কায়দা পাল্টা ও তেহাই যুক্ত ৪ টি টুকরা, ২ টি সাধারণ তেহাই বাজানোর অভ্যাস।
- ৩) সুল তাল ও তেওড়া তালের পরিচয় সহ হাতে বাজানোর অভ্যাস।

মৌখিক :-

- a) লহরা, লগ্নী, পাল্টা, ঠায় ও দ্বিগুণ লয় (পরিভাষা)।
- b) তবলার অঙ্গ বর্ণনা।
- c) তবলা ও বাঁয়ার কোন কোন স্থানে আঘাত করলে কোন কোন শব্দ উৎপত্তি হয়।

প্রথম বর্ষ

পূর্ণমান : ৭৫ + ২৫ = ১০০

ক্রিয়াত্মক (Practical)

- ১) ত্রিতালে ৩ টি কায়দা ১ টি রেলা, ৫ টি টুকরা, ২ টি পড়ন ও একটি চক্রদার বাজাইবার অভ্যাস।
- ২) ঝাঁপতাল ও চৌতাল ঠেকা ঠায়, দ্বিগুণ লয়ে বাজাইবার অভ্যাস।
- ৩) ঝাঁপতালে ২ টি টুকরা ও চৌতালে ১ টি পড়ন বাজাইবার অভ্যাস।
- ৪) উপরে উল্লেখিত তাল গুলিকে বিভিন্ন লয় কারীতে বাজানোর অভ্যাস।

মৌখিক :-

- কয়েকজন প্রসিদ্ধ তবলা বাদকের সম্বন্ধে ধারণা।
- তবলার সংক্ষিপ্ত ইতিহাস।
- বিভিন্ন ঘরানা সম্বন্ধে জ্ঞান।
- লয় ও তার বিভিন্ন প্রকার (বিলম্বিত, মধ্য, দ্রুত লয়ে) সম্বন্ধে জানা আবশ্যিক।

দ্বিতীয় বর্ষ

পূর্ণমান : ১০০ + ৫০ = ১৫০

ক্রিয়াত্মক (Practical)

- ত্রিতালে ২ টি পেশকার, ১ টি কঠিন কায়দা, তেহাই, মুখরা, উঠান, পড়ন, চক্রদার, টুকরা সহযোগে ১০ মিনিট (নাগমা সহ) লহরা বাজানোর অভ্যাস।
- ঝাঁপতালে ২ টি কায়দা, ২ টি টুকরা, পড়ন, চক্রদার পড়ন বাজানোর অভ্যাস।
- একতাল, চৌতাল, রূপক, সুলতালে ঠেকা ও একগুণ, দ্বিগুণ, তিনগুণ লয়কারীতে বাজানোর অভ্যাস।
- গীত ও নৃত্যে সঙ্গত করার অভ্যাস।

শাস্ত্রীয় (Theory)

- তবলার দশপ্রাণ সম্বন্ধে জানা আবশ্যিক।
- তবলা সুরে মেলানোর নিয়ম লেখ।
- সমমাত্রা বিশিষ্ট তালের তুলনামূলক আলোচনা কর।
- তবলা বাদক এর দোষ ও গুণ আলোচনা সহ, গানের সহিত সঙ্গতের নিয়ম আলোচনা কর।
- জীবনী :- নাথু খাঁ, কঠে মহারাজ, জন প্রকাশ ঘোষ।

তৃতীয় বর্ষ

পূর্ণমান : ১০০ + ৫০ = ১৫০

ক্রিয়াত্মক (Practical)

- ত্রিতাল, ঝাঁপতাল, একতালে ২ টি করে পেশকার, উঠান, কায়দা, রেলাকায়দা, পড়ন, গৎনিকাস, চক্রদার সহযোগে ১০ মিনিট লহরা বাজাইবার অভ্যাস।
 - ধামার, তেওড়া, সুলতালে গৎ পড়ন, চক্রদার বাজাইবার অভ্যাস।
 - কঠ সঙ্গীত ও যন্ত্র সঙ্গীতের সহিত সঙ্গত করিবার অভ্যাস।
 - দাদরা ও কাহারবা তালের কঠিন লগ্নী, লড়ী সহযোগে বিভিন্ন প্রকারের ঠেকা বাজানোর অভ্যাস।
- * পূর্ববর্তী বর্ষের পাঠক্রম যুক্ত থাকিবে।

শাস্ত্রীয় (Theory)

- ভাতখন্ডে এবং বিষ্ণুদিগম্বর পদ্ধতির অধ্যয়ন এবং এই পদ্ধতিতে কায়দা, টুকরা, পড়ন লেখার অভ্যাস।
- পাঠ্যসূচির অন্তর্গত তালগুলিকে ঠায়, দ্বিগুণ, তিনগুণ, চৌগুণ লয়কারীতে লেখ।
- পরিভাষা :- রেলা, লগ্নী, লড়ী, আড়, গৎ বাঁট, চক্রদার পড়ন গ্রহ এবং তার প্রকার।
- সঙ্গীতে লয় তথা তাল মাহাত্ম্য।

৫) তালের দশপ্রাণ সম্বন্ধে আলোচনা কর।

৬) জীবনী :- ওস্তাদ আল্লারাখা, পন্ডিত আনোখেলাল মিশ্র ও সখারাম মৃদঙ্গাচার্য।

চতুর্থ বর্ষ

পূর্ণমান : ১০০ + ৫০ = ১৫০

ক্রিয়াত্মক (Practical)

১) ঝুমরা ও তিলুয়াড়া তালে মুখড়া মোহরা, আন্ধা, দীপচন্ডী, পঞ্চমসওয়ারী, আড়াচৌতাল, নবতাল, রূপকরা তালের ঠেকা।

২) রূপক, ঝাঁপতাল ও ঝুমরা তালে ১০ মিনিট লহরা বাজানোর অভ্যাস।

৩) গং নিকাস ও গোপুচ্ছা (যে কোন তালে) বাজানোর অভ্যাস।

৪) আরা চৌতাল এবং চৌতালে কঠিন পড়ন, চক্রদার পড়ন ও টুকরা বাজানোর অভ্যাস।

৫) ধেরে ধেরে বাণী সহযোগে যেকোনো তালে রেলা বাজানোর অভ্যাস।

৬) পাঠ্যক্রমের তালগুলিকে বিভিন্ন লয়কারীতে বাজানো এবং মুখে (তাল দিয়ে) বোল পড়ার অভ্যাস।

* ১ম থেকে ৩য় বর্ষ পর্যন্ত পাঠ্যক্রম যুক্ত থাকিবে।

শাস্ত্রীয় (Theory)

১) বিভিন্ন ঘরানা ও বাজ এর বৈশিষ্ট্যসহ আলোচনা কর।

২) আড়লয়, কুয়াড়লয়, বিয়াড়লয়ে তাল লিপিবদ্ধ কর। (পাঠ্যক্রমে নির্ধারিত তাল)

৩) বিষ্ণুদিগম্বর এবং ভাতখন্ডে তাললিপি পদ্ধতির তুলনাত্মক আলোচনা এবং এই পদ্ধতির দোষ ও গুণ সম্বন্ধে আলোচনা কর।

৪) সমান সমান মাত্রা বিশিষ্ট তালের তুলনামূলক আলোচনা কর।

৫) পরিভাষা :- একহথী পড়ন, পেশকার, ফরমাইসী চক্রদার, বাঁট, সাথসঙ্গত সমপদী, বিষম পদী, ষোলো বাদন বা একক বাদন।

৬) জীবনী :- আহমেদজান থিরাকুয়া, আবিদ হুসেন খাঁ, পন্ডিত কিষান মহারাজ।